গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
**www.mopme.gov.bd**

নং-৩৮.০০৭.০৩১.০০১.০১.০০.২০১১/৫২৯ তারিখঃ ০৪ পৌষ ১৪২৪ / ১৮ ডিসেম্বর ২০১৭

**বিষয়:** বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের ৩৩ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৫/১১/২০১৭ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান এর সভাপতিত্বে বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের ৩৩ তম সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ৩.৬ এ নিম্মোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয় যে, জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষকদের গ্রেডেশন তালিকা সংক্রান্ত বিষয়ে সভায় বোর্ডের সদস্য-সচিব জনাব মোঃ আমিনুল ইষলাম চৌধুরী বলেন যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের সম্মিলিত পূর্ণাঙ্গ জেষ্ঠ্যতা তালিকা প্রনয়ণের কাজ চলছে। উপজেলা পর্যায়ে কিছু কিছু জায়গায় অধিগ্রহণকৃত বেসরকারি বিদ্যালয়ের শিক্ষক (চাকরি শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ এর ভুল ব্যাখ্যা দিয়ে কার্যকর চাকরি কাল এর হিসাব না ধরে প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষক উভয়ের জেষ্ঠ্যতা নির্ণয়ের তারিখ ০১/০১/২০১৩ অর্থাৎ অধিগ্রহণের তারিখ ধরে গণনা করা হচ্ছে যাহা বিধি সম্মত নয়। তিনি আরো বলেন জাতীয়করণকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সারাদেশে প্রায় ৮০% জেলা/উপজেলা ১৪/০৭/২০০৮ ইং এর সংশোধিত পরিপত্র ০৮/০৪/২০১০ মোতাবেক কার্যকর চাকরিকালের ভিত্তিতে টাইমস্কেল ইনক্রিমেন্ট প্রদান করলে ও প্রায় ২০% জেলা/উপজেলায় প্রদান করা হয় নাই। উদাহরণ স্বরূপ চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম জেলার প্রধান শিক্ষকগণ পায় নাই বলে উল্লেখ করেন। সভায় উল্লেখিত বিষয় নিয়ে আলোচনায় সবাই একমত পোষণ করেন যে, বিধিমালা ২০১৩ এর ভুল ব্যাখ্যা দেওয়ার কোন সুযোগ নাই।

২। এমতাবস্থায়, বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের ৩৩ তম সভার ৩.৬ এর সিদ্ধান্তের আলোকে (ক) বিধিমালা অনুসরণপূর্বক গ্রেডেশন তালিকা প্রস্তাবের ব্যাপারে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো;

(খ) সে সাথে চট্টগ্রাম জেলাসহ যে সকল জেলা/উপজেলায় জাতীয়করণকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ এখনো টাইমস্কেল পায় নাই তাদের বিধি মোতাবেক টাইমস্কেল প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো ~~হল~~ হলো।

সংযুক্তি: ৩৩ তম সভার কার্যবিবরণী ২ পাতা।

১৮/১২/২০১৭
(পুলক রঞ্জন সাহা)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১১০৭৩

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি জন্য
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩। জনাব মোঃ আমিনুল ইসলাম চৌধুরী, সদস্য-সচিব, বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টি বোর্ড।
৪। অফিস কপি।

Letters5

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
তারিখঃ
☐ পরিচালক (প্রশাসন)
☐ পরিচালক (অর্থ ও সংগ্রহ)
☐ পরিচালক (পলিসি ও অপারেশন)
☐ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
☐ পরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন)
☐ পরিচালক (প্রোগ্রাম কো-অর্ডিনেটর)
☐ পরিচালক (সেকেন্ড চান্স এডুকেশন)
☐ সিস্টেম ম্যানেজার
☐ প্রকল্প পরিচালক
☐ সিস্টেম এনালিস্ট
☐ উপপরিচালক
☐ সহকারী পরিচালক
মহাপরিচালক মহোদয়ের পক্ষে
অতিরিক্ত মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.১৪০.০১৮.০০১.২০১৪ – ৭২ (৭১)/১

তারিখ: ১৩ চৈত্র ১৪২৪
২৭ মার্চ ২০১৮

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল বিভাগ- (মূলপত্রের অনুচ্ছেদ ২ এর (খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)- (মূলপত্রের অনুচ্ছেদ ২ এর (খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)।

৩। সংরক্ষণ নথি।

মুসরেফা হোসাইন
২৭/৩/১৮
সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ৫৫০৭৪৯৭০।

২৭/৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.১৪০.০১৮.০০১.২০১৪ – ৭২ (৭২)/৫ তারিখ: ১৩ চৈত্র ১৪২৪ / ২৭ মার্চ ২০১৮

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল বিভাগ- (মূলপত্রের অনুচ্ছেদ ২ এর (খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)- (মূলপত্রের অনুচ্ছেদ ২ এর (খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)।

৩। সংরক্ষণ নথি।

২৭/৩/১৮
মুসরেফা হোসাইন
সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ৫৫০৭৪৯৭০।

২৭/৩/১৮